মাটিগাড়া পঞ্চায়েত সমিতি

পো: কদমতলা, জেলা : দার্জিলিং

মহাশয় / মহাশয়া,

আগামী ২৯শে জুলাই ২০০৮ মঙ্গলবার সকাল ১০.০০ (দশ) ঘটিকায় মাটিগাড়া পঞ্চায়েত সমিতির ভবনে তথ্য মিত্র কেন্দ্রের দ্বারউৎঘাটন এবং শুভ উদ্বোধন হবে। পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়নের দপ্তরের রূপকল্পে এবং শ্রেয়ী সহজ-ই-ভিলেজ লিমিটেডের সহযোগিতায় গঠিত এই তথ্য মিত্র কেন্দ্রের দ্বার উৎঘাটন করবেন শিলিগুড়ি মহকুমা পরিষদের মাননীয়া সভাধিপতি শ্রীমতী মনি থাপা মহাশয়া এবং কম্পিউটারচালিত তথ্য পরিসেবার শুভ সূচনা করবেন মাননীয় জেলা শাসক শ্রী রাজেশ পান্ডে, আই.এ.এস. মহাশয়। এই অনুষ্ঠানে আরো উপস্থিত থাকবেন অতিরিক্ত নির্বাহী আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদ, শ্রী পি.এন. ভুটিয়া এবং শিলিগুড়ির মহকুমা শাসক শ্রীমতী স্মিতা পান্ডে, আই.এ.এস. মহাশয়া এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।এই অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন মাটিগাড়া পঞ্চায়েত সমিতির সভাপতি মাননীয়া শ্রীমতী জ্যোতি তির্কী মহাশয়া। এই অনুষ্ঠানে আপনার উজ্জ্বল উপস্থিতি এই শুভ উদ্বোধনকে সাফল্যমন্ডিত করে তুলবে।

ভবদীয়

স্বাঃ

নির্বাহী আধিকারিক

মাটিগাড়া পঞ্চায়েত সমিতি

हिंदी अखबारों में बेहतर विकल्प

प्रभात खबर

ई-पेपर • www.epaper. prabhatkhabar.com   इंटरनेट संस्करण • www.prabhatkhabar.com

अभिमत ▼ अखबार नहीं आंदोलन ▼ देश विदेश

कॉमन सर्विस सेंटर का उद्घाटन

ग्रामीण क्षेत्र के लोग होंगे लाभान्वित : मणि थापा

संवाददाता

सिलीगुड़ी : दार्जिलिंग जिले का पहला कॉमन सर्विस सेंटर माटीगड़ा बीडीओ कार्यालय परिसर में खोला गया है. सेंटर की सर्विस सेवा का उद्घाटन आज महकमा शासक स्मिता पांडेय ने किया. राज्य सरकार के पंचायत व ग्राम विकास विभाग तथा श्रेयी सहज-इ-विलेज लिमिटेड के सहयोग से इसे तैयार किया गया है.

सेंटर का नामकरण तथ्य मित्र केंद्र के रूप में किया गया है. इस केंद्र से इंटरनेट के जरिये तमाम सुविधाओं का लाभ लिया जा सकता है. ई लर्निंग प्रोग्राम, स्पोकेन इंगलिश, कंप्यूटर लिट्रेसी, माइक्रो फाइनेंस व डाटा लोड व अनलोड की सुविधा मुहैया करायी जा रही है.

तथ्य मित्र केंद्र की पदाधिकारी कविता गुहो राय ने कहा कि कॉमन सर्विस सेंटर के होने से ग्रामीण क्षेत्र के लोगों को काफी लाभ मिलेगा. बाजार में महंगे दर पर नेट व कंप्यूटर, ई लर्निंग, डाटा लोड-अनलोड की सुविधा होती है. यहां से सस्ते दरों पर सभी सुविधाएं मिल पायेंगी. कृषक ई-कामर्स का लाभ ले सकेंगे.

उद्घाटन समारोह को संबोधित करतीं सभाधिपति मणि थापा.

सर्विस सेंटर भवन का उद्घाटन सभाधिपति मणि थापा ने किया. उन्होंने कहा कि दार्जिलिंग का यह पहला कॉमन सेंटर है. ग्रामीण जनता को ध्यान में रख कर इसे खोला गया है. ग्रामीण क्षेत्र के लोग अपने आप को तकनीकी रूप से विकसित कर पायेंगे. काफी समय से इसकी आवश्यकता महसूस की जा रही थी. माटीगड़ा पंचायत समिति का इसमें अहम योगदान रहा. सहज ई विलेज लिमिटेड इसे तकनीकी तौर पर सहयोग कर रही है. इससे ग्रामीण क्षेत्र में क्रांतिकारी परिवर्तन आयेगा. महकमा शासक स्मिता पांडेय ने भी कॉमन सर्विस सेंटर को जनहित में बताया.

इस मौके पर माटीगड़ा पंचायत समिति के सभापति ज्योति तिरकी, सिलीगुड़ी महकमा परिषद के अतिरिक्त कार्यपालक अधिकारी पीएन भूटिया उपस्थित थे.

The Telegraph

SILIGURI WEDNESDAY 30 JULY 2008

E-service

Siliguri: The first of several Common Services Centres or *Tathya Mitra Kendras* was inaugurated on Tuesday on the Matigara panchayat samiti office premises in Shivmandir. E-services like online bill payments, booking tickets, downloading forms for job applications and submitting them, market studies and selling of local produces can be availed of from this centre.

..., 2007..........4,26,871
29,066

ইন্টারনেট সংস্করণ: http://www.bartamanpatrika.c

বর্তমান

উত্তরবঙ্গ

শিলিগুড়ি, বুধবার ৩০ জুলাই ২০০৮, ১৪ শ্রাবণ ১৪১৫

Bartaman, 30.07.08, Printed at Siliguri

জেলার প্রথম তথ্যমিত্র কেন্দ্র চালু হল মাটিগাড়ায়

বিশেষ সংবাদদাতা, শিলিগুড়ি: মঙ্গলবার মাটিগাড়া পঞ্চায়েত সমিতির অফিসে দার্জিলিং জেলার প্রথম তথ্যমিত্র কেন্দ্রের উদ্বোধন হল। শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি মণি থাপা কেন্দ্রের উদ্বোধন করেন। কেন্দ্রে তথ্য প্রযুক্তি পরিষেবার উদ্বোধন করেন মহকুমা শাসক স্মিতা পান্ডে। সভাধিপতি বলেন, স্বল্প খরচে এই কেন্দ্র থেকে প্রত্যন্ত এলাকার বাসিন্দারা পরিষেবা পাবেন। ন্যাশনাল ই-গভর্নেন্স প্ল্যান(এন ই জি পি) অনুসারে রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর গ্রামীণ এলাকার 'বাসিন্দাদের তথ্য প্রযুক্তির সুফল পৌঁছে দিতে বিভিন্ন পঞ্চায়েতে তথ্যমিত্র কেন্দ্র তৈরি করছে। স্থানীয় স্বনির্ভর গোষ্ঠীগুলি বা শিক্ষিত ব্যক্তিরা সরকারি সহযোগিতায় এই কেন্দ্রগুলি চালু করতে পারেন। ফলে জনগণকে নানা পরিষেবা ন্যূনতম খরচে দেওয়ার পাশাপাশি এর মাধ্যমে গ্রামীণ এলাকায় কর্মসংস্থান বাড়ার সম্ভাবনা রয়েছে।

রাজ্যকে আটটি জোনে ভাগ করে ১৮টি জেলায় মোট ৬৭৯৭টি কেন্দ্র খোলা হবে। দার্জিলিং জেলার প্রতিটি পঞ্চায়েতেই এই কেন্দ্র চালু করা হবে বলে প্রশাসন সূত্রে জানা গিয়েছে।

মহকুমা পরিষদের সভাধিপতি বলেন, এই কেন্দ্রের মাধ্যমে প্রত্যন্ত গ্রামের মানুষ অনেক কম খরচে কম্পিউটার শিক্ষা, ডিজিটাল ফটোগ্রাফি, রেশন কার্ড, জমি ও চাকরি, আবহাওয়া প্রভৃতি সংক্রান্ত নানা তথ্য, রেলের টিকিট বুকিং সহ বিভিন্ন কাজ করতে পারবেন। গ্রামস্তরে এই পরিষেবা চালু করার সমস্যা নিয়ে এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, কিছু সমস্যা হচ্ছে। সব পঞ্চায়েত অফিসে পর্যাপ্ত ঘর নেই। অন্যান্য পরিকাঠামোরও অভাব রয়েছে। গ্রামের স্বনির্ভর গোষ্ঠীগুলি এবং শিক্ষিত বেকাররা প্রথমে এই পরিষেবার বিষয়টি সঠিকভাবে বুঝতে পারেননি। তবে এখন তাঁরা ক্রমশ আগ্রহ দেখাচ্ছেন। এদিন মাটিগাড়ার বি ডি ও সঞ্জয় ভট্টাচার্য বলেন, আশা করব এই প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়িত করতে ব্লকের পঞ্চায়েত প্রধানরা উদ্যোগী হবেন।

विश्व का सर्वाधिक पढ़ा जाने वाला अखबार

दैनिक जागरण

वर्ष 3 अंक 30
पृष्ठ 14
सिलीगुड़ी, बुधवार
30 जुलाई, 2008
नगर संस्करण
मूल्य 3.00 रुपये

माटीगाड़ा पंचायत समिति भवन में खुला तथ्य मित्र केन्द्र

नगर संवाददाता, सिलीगुड़ी : माटीगाड़ा पंचायत समिति भवन में मंगलवार को सरकारी व निजी के साझा उद्योग से तथ्य मित्र केन्द्र का उद्घाटन किया गया। इस केन्द्र का उद्घाटन सिलीगुड़ी महकमा परिषद की सभाधिपति मणि थापा ने किया। कार्यक्रम में अतिथि के रुप में सिलीगुड़ी महकमा शासक स्मिता पांडे सहित अन्य गणमान्य अधिकारी उपस्थित थे। इस अवसर पर सिलीगुड़ी महकमा शासक स्मिता पांडे ने कहा कि इस तथ्य केन्द्र के माध्यम से ग्रामीण क्षेत्र के लोगों को काफी सुविधा होगी। उन्हें तरह तरह की जानकारी उपलब्ध होगी। उन्हें किसी प्रकार की कोई दिक्कते नहीं होगी।

इस तथ्य मित्र केन्द्र में एक ही छत के नीचे सभी जानकारी उपलब्ध कर सकते है। उन्होंने कहा कि सरकार ने निजी उद्योग के साझा प्रयास से जिले के अन्य पंचायतों के दूर दराज क्षेत्रों में जल्द ही इसकी कई शाखाएं खोली जाएगी। यहां ने नेट की सुविधा उपलब्ध है। इस अवसर पर तथ्य मित्र केन्द्र की ओर कविता गुहा राय ने कहा कि कम्प्यूटर लर्निंग कोर्स, स्पोकेटन इंगलीश, डीटीपी, बील पेमेन्ट, रेलवे टिकट सहित अन्य चीजों की सुविधा उपलब्ध है।

प्रखंड परिसर में खुला तथ्य मित्र केन्द्र।

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ১৪ শ্রাবণ ১৪১৫ বুধবার ১.৫০ টাকা 30 July 2008 Wednesday 12 Pages Rs. 1.50 ইন্টারনেট সংস্করণ : http://www.uttarbangasambad.com

তথ্য মিত্র কেন্দ্রের উদ্‌বোধন

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৯ জুলাই : মঙ্গলবার দার্জিলিঙ জেলায় প্রথম তথ্য মিত্র কেন্দ্রের উদবোধন হল মাটিগাড়া ব্লক অফিস চত্বরে। এই দপ্তর উদবোধন করলেন শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি মণি থাপা। এই কেন্দ্রের কম্পিউটার পরিসেবার উদ্‌বোধন করেন শিলিগুড়ির মহকুমাশাসক স্মিতা পাণ্ডে। এই কেন্দ্রের মাধ্যমে সরকারের বিভিন্ন পরিসেবা গ্রামীণ এলাকার মানুষের কাছে স্বল্প মূল্যে পৌঁছোবে। এইসব পরিসেবার মধ্যে রয়েছে বিভিন্ন শস্যের বাজারদর, কৃষি পণ্যের বাজারজাতকরণ, বিক্রয়, উৎপাদিত পণ্যের ন্যায্য দাম, বিভিন্ন পরীক্ষার ফল, দূর পরিসেবার মাধ্যমে স্বাস্থ্য এবং ওষুধপত্র সংক্রান্ত পরামর্শ, সব ধরনের সরকারি ফর্ম, ভূমি সংক্রান্ত নথিপত্র, বিদ্যুৎ ও টেলিফোনের বিল ইত্যাদি। জেলায় মোট ২৬টি এই ধরনের কেন্দ্র স্থাপন হবে বলেও জানিয়েছেন সভাধিপতি মণি থাপা।

সংবাদ প্রতিদিন

শিলিগুড়ি ◆ ৩০ জুলাই ২০০৮ বুধবার ১৪ শ্রাবণ ১৪১৫ ◆ ২.০০ টাকা ◆ দশ পাতা

www.sangbadpratidin.in Printed simultaneously from Kolkata, Siliguri & Barjora

মাটিগাড়ায় তথ্যমিত্র কেন্দ্রের উদ্বোধন করলেন মণি থাপা

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি : দার্জিলিং জেলায় প্রথম 'তথ্যমিত্র' কেন্দ্রের উদ্বোধন হল মঙ্গলবার। শিলিগুড়ি মহকুমার মাটিগাড়া বিডিও অফিসে এই কেন্দ্রের উদ্বোধন করেন মহকুমা পরিষদের সভাধিপতি মণি থাপা। গ্রামের মানুষের হাতের কাছে তথ্য ও অন্যান্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যেই কেন্দ্রীয় সরকারের এই 'জাতীয় বৈদ্যুতিন প্রশাসন পরিকল্পনা' বা 'ন্যাশানাল ই-গর্ভনেন্স প্ল্যান'।

এই তথ্যমিত্র কেন্দ্র থেকে প্রত্যন্ত গ্রামাঞ্চলের মানুষ শহরে না গিয়েই জানতে পারবেন জমি, চাষবাস, আবহাওয়ার পূর্বাভাষ, চাকরির খবরসহ নানা ধরনের তথ্য। এর পাশাপাশি বিদ্যুৎ, টেলিফোনের বিলও জমা দিতে পারবেন। রেলওয়ে টিকিট বুকিং, ব্যাঙ্কিং ও বিমা পরিষেবাও পাওয়া যাবে তথ্যমিত্র কেন্দ্রে।

শিলিগুড়ি মহকুমার চারটি পঞ্চায়েত সমিতির ২২টি গ্রাম পঞ্চায়েতে ২৬টি তথ্যমিত্র কেন্দ্র খোলা হবে বলে জানান মহকুমা পরিষদের সভাধিপতি মণি থাপা। এদিনের অনুষ্ঠানে শিলিগুড়ির মহকুমাশাসক স্মিতা পাণ্ডে বলেন, "সকলকে খেয়াল রাখতে হবে এই তথ্যমিত্র কেন্দ্র যেন কোনও ভাবেই নিছক বিনোদন কেন্দ্র হয়ে না ওঠে।"